

PRINT

সমকাল

বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোহাম্মদ ইউনুস

১০ ঘণ্টা আগে

বরিশাল ব্যুরো



বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের নতুন চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন অধ্যাপক মোহাম্মদ ইউনুস। তিনি বরিশালে ব্রজমোহন কলেজের (বিএম কলেজ) শিক্ষক। বোর্ডের চেয়ারম্যান পদে তাকে বদলিভিত্তিক নিয়োগ দেওয়া হয়েছে। গত সোমবার রাষ্ট্রপতির আদেশক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়।

দুই মাস শূন্য থাকার পর বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে নতুন এ নিয়োগ দেওয়া হলো। গত ১৯ মার্চ বরিশাল শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মো. জিয়াউল হককে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান পদে নিয়োগ দেওয়া হলে বরিশাল বোর্ডের চেয়ারম্যান পদটি শূন্য হয়। অধ্যাপক মোহাম্মদ ইউনুস মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের প্রকল্প সেসিপের বরিশাল অঞ্চলের পরিচালক ছিলেন।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com